

ইউক্রেনের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

২৩ সেপ্টেম্বর ২০২৪

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে নিউইয়র্কে শীর্ষ সম্মেলনের ফাঁকে ইউক্রেনের রাষ্ট্রপতি মিঃ ভলোদিমির জেলেনস্কির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

২. দুই নেতা প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ইউক্রেন সফরের কথা স্মরণ করেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের নিরন্তর সংহতকরণে সন্তোষ প্রকাশ করেন। ইউক্রেন পরিস্থিতির পাশাপাশি শান্তির পথ অনুসরণের পথটিও তাদের আলোচনায় প্রাধান্য পেয়েছে।

৩. কূটনীতি ও আলাপ-আলোচনার মাধ্যমে সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের পক্ষে ভারতের স্পষ্ট, ধারাবাহিক ও গঠনমূলক দৃষ্টিভঙ্গির কথা পুনরায় ব্যক্ত করেন ভারতের প্রধানমন্ত্রী। তিনি জানান যে, সংঘাতের স্থায়ী ও শান্তিপূর্ণ সমাধানের সুবিধার্থে ভারত তার সাধ্যের মধ্যে সমস্ত সহায়তা প্রদানের জন্য উন্মুক্ত রয়েছে।

৪. তিন মাসেরও কম সময়ের মধ্যে দুই নেতার মধ্যে এটি তৃতীয় বৈঠক ছিল। দুই নেতা ঘনিষ্ঠ যোগাযোগ রাখতে সম্মত হন।

নিউই

য়র্কসেপ্টেম্বর ২৩, ২০২৪